

কালের বর্গ

আনিসুল হকের মৃত্যুতে তারকাদের শোকগাঁথা



১৯৮০ থেকে ১৯৯০-এর দশকে দশকে টেলিভিশন উপস্থাপক হিসেবে পরিচিতি লাভ করেন আনিসুল হক। তার উপস্থাপনায় 'আনন্দমেলা' ও 'অন্তরালে' অনুষ্ঠান দুটি জনপ্রিয়তা পায়। গতকাল না ফেরার দেশে চলে গেছেন মেয়র আনিসুল হক। তার এই অকাল প্রয়াণে শোবিজ অঙ্গনেও শোকের ঢেউ লেগেছে। শোবিজ তারকারা তাদের শোকগাঁথা লিখছেন সোশ্যাল মিডিয়ায়।

ফারজানা চুমকী সোশ্যাল মিডিয়া ফেসবুকে শোক প্রকাশ করে বলেছেন, 'ভীষণ কষ্ট হচ্ছে আল্লাহ উনাকে বেহেস্তে নসিব করুন।'

নকীব খান শোক প্রকাশ করে লিখছেন, ও মাই গড। আমি এক্সট্রিমলি শকড। ইন্নালিল্লাহে... রাজেউন। আল্লাহ তাকে জান্নাতুল ফেরদৌসে নসিব করুন। আমিন।

তানভীন সুইটি লিখেছেন, মেয়র আনিসুল হকের অকাল মৃত্যুতে আমরা গভীর শোকাহত....!

প্রবীণ সঙ্গীত পরিচালক আলাউদ্দিন আলী লিখেছেন, তুমি মরোনি ভাই। আমরা প্রাণহীন হয়ে রইলাম। আল্লাহ তোমাকে বেহেশত দান করুক।

চিত্রনায়ক বাব্বী চৌধুরী লিখেছেন, তিলোত্তমা এই নগরী তার ক্যারিশমটিক পিতাকে হারালো। আমরা আপনাকে হারিয়ে শোকাহত। নতুন ঠিকানায় ভালো থাকবেন আপনি। বিনয় শ্রদ্ধা সুন্দর মানুষ আনিসুল হক।

চিত্রনায়ক রোশান লিখেছেন, আনিসুল হক মারা গেছেন খবরটি কিছুতেই বিশ্বাস করতে পারছি না। তার অকালে চলে যাওয়া আমার হৃদয়কে নাড়া দিয়েছে। আল্লাহ ওনাকে জান্নাতুল ফেরদৌস নসিব করুন।

অভিনেত্রী শবনম ফারিয়া লিখেছেন, ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন। ভালো থাকুন প্রিয় আনিসুল হক, ভালো থাকুন পরপারে।

লাক্সতারকা তাসনোভা এলভিন স্ট্যাটাসে বলেন, রেস্ট ইন পিস। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। ইন্সালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

অভিনেত্রী নাবিলা ইসলাম লিখেছেন, না ফেরার দেশে চলে গেলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। ইন্সালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

নির্মাতা রেদওয়ান রনি লিখেছেন, কী অদ্ভূত মানুষের জীবন! শ্রদ্ধেয় আনিসুল হক মেয়র আর নেই! ভাবতেই পারছি না।

সঙ্গীতশিল্পী দিনাত জাহান মুন্সী আনিসুল প্রসঙ্গে লিখতে গিয়ে পুরোনো স্মৃতি হাতড়ে লেখেন, 'গত বছর কবির বকুল আইসিইউতে। তিনি এলেন মধ্যরাতে। ঢুকে পড়লেন কবির বকুলের কেবিনে। কাচের দরজার বাইরে দাঁড়িয়ে অপলকে তাকিয়ে রইলেন। ঝট করে দরজা খুলে প্রায় অচেতন কবির বকুলের সামনে গিয়ে বললেন- "তোমার কিচ্ছু হবে না- আমরা আছি"। আনিস ভাই- আসলে কি আপনি আজ কোথাও আছেন?

চিত্রনাট্যক ওমর সানি বলেছেন, 'জানি না, দেশে এমন একজন মানুষ আবার কবে পাওয়া যাবে। দোয়া করছি, আল্লাহ আপনার আত্মার শান্তি দান করুন।'

চিত্রনাট্যিকা পরীমনি ফেসবুকে আনিসুল হকের সাথে বেশকিছু ছবি শেয়ার করে লিখেছেন, 'মেয়র আনিসুল হক আপনাকে এত ভালবাসতাম টের পাইনি আগে'

অভিনেত্রী রোকেয়া প্রাচী আনিসুল হকের সাথে একটি ছবি পোস্ট করে লিখেছেন, 'শোক এবং শ্রদ্ধা'

মিস আর্থ মাকসুদা আক্তার প্রিয়তি লিখেছেন, 'ইন্সালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন। আমরা একজন ভাল মানুষকে হারালাম। আল্লাহ উনাকে জান্নাতবাসী করুন।'

অভিনেতা চঞ্চল চৌধুরী লিখেছেন, 'আনিস ভাই, মেনে নেওয়া সত্যি কঠিন, এভাবে চলে যাওয়া? কিছু বলার ভাষা নেই, হে মানুষ...চিরশান্তিতে ঘুমান.....শুধুই শ্রদ্ধা..'

অভিনেতা ইরেশ জাকের লিখেছেন, আপনি একজন অনুপ্রেরণা। ভালো থাকুন, চির শান্তিতে থাকুন।